ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৮১৮

আগরতলা, ১১ সেপ্টেম্বর, ২০২৫

**ধলাই জেলাতে বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ সপ্তাহ পালন উপলক্ষে আলোচনাচক্র**

ন্যাশনাল মেন্টাল হেলথ প্রোগ্রাম, ধলাই-এর উদ্যোগে আগামী ১০-১৬ সেপ্টেম্বর পালিত হবে ‘বিশ্ব আত্মহত্যা প্রতিরোধ সপ্তাহ’। এবছরের থিম হলো ‘আত্মহত্যা সম্পর্কিত প্রচলিত ধারণা পরিবর্তন’।

এই উপলক্ষে গতকাল কমলপুর ডিগ্রি কলেজে একটি আলোচনা সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ন্যাশনাল মেন্টাল হেলথ প্রোগ্রামের ডিস্ট্রিক্ট প্রোগ্রাম অফিসার, ডা. তৃষ্ণা দেববর্মা। তিনি শিক্ষার্থীদের মধ্যে আত্মহত্যা প্রতিরোধ এবং মানসিক স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা বাড়ানোর বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। মানসিক চাপ বা হতাশার কারণে আত্মহত্যার মতো চরম সিদ্ধান্ত নেওয়া কোনো সমাধান নয় বলে তিনি অভিমত ব্যক্ত করেন।

ডা. তৃষ্ণা দেববর্মা আরও বলেন, আমাদের সমাজে আত্মহত্যার বিষয়ে অনেক ভুল ধারণা প্রচলিত আছে। এই ভুল ধারণাগুলো পরিবর্তন করে একটি ইতিবাচক মানসিকতা গড়ে তোলা অত্যন্ত প্রয়োজন। তিনি শিক্ষার্থীদের যে কোনো মানসিক সমস্যায় একে অপরের পাশে দাঁড়ানোর এবং প্রয়োজনে শিক্ষকদের বা বিশেষজ্ঞদের সাহায্য নেওয়ার পরামর্শ দেন। আলোচনা শেষে শিক্ষার্থীদের মধ্যে ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং পুরস্কার বিতরণ করা হয়। এই আলোচনা সভাটি শিক্ষার্থীদের মধ্যে ব্যাপক সাড়া ফেলে এবং আশা করা যায় মানসিক স্বাস্থ্য সম্পর্কে তাদের সচেতনতা বৃদ্ধি করতে এই আলোচনাচক্র সহায়ক ভূমিকা নেবে। ধলাই মুখ্য স্বাস্থ্য আধিকারিকের কার্যালয় থেকে এক প্রেস রিলিজের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।

*****